# শু'আবুল ঈমান (ঈমানের শাখাসমূহ)

বিভাগ/অধ্যায়ঃ ঈমানের শাখাসমূহ

রচয়িতা/সঙ্কলকঃ ইমাম বাইহাকী

শাখা-৬৮. অতিথি আপ্যায়ন/মেহমানদারী

আবু শুরাইহ আল আদাবী (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূল (সা.) যখন এ হাদীসটি বলেছেন তখন আমার দু'কান তা শুনেছে এবং দু’চোখ তা দেখেছে। তিনি বলেছেন-

من كان يؤمن بالله واليوم الآخر فليكرم ضيفه جائزته. قالوا وما جائزته قال يومه وليله والضيافة ثلاثة ايام فما كان وراء ذٰلك فهو صدقة عليه. وقال من كان يؤمن بالله واليوم الآخر فليقل خيرا أو ليصمت

‘যে ব্যক্তি আল্লাহ ও পরকালে বিশ্বাস করে তার উচিত সাধ্যমত অতিথি আপ্যায়ন করা। লোকেরা জিজ্ঞেস করলো, সাধ্যমত কথার তাৎপর্য কী? তিনি বললেন, একদিন একরাত। মেহমানদারী সর্বোচ্চ তিন দিন। এর বেশী যদি কেউ করে সেটি তার বদান্যতা। তিনি আরও বললেন, যে ব্যক্তি আল্লাহ ও পরকালে বিশ্বাস করে তার উচিত ভালো কথা বলা অথবা চুপ থাকা।[১]

## ফুটনোট

[১]. সহীহ্ আল বুখারী; সহীহ মুসলিম।

Source — https://www.hadithbd.com/books/link/?id=12366

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন